

: ফৌজদারী কার্যবিধির ১৪৪ খারা মতে আদেশ :

যেহেতু আগামী ১৫-০২-২০২৪ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার থেকে জীবননগর হাসাদাহ মডেল কামিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর আওতাধীন ফাযিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, রিটেইক ও মান-উন্নয়ন) পরীক্ষা-২০২২ পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে


এবং

যেহেতু পরীক্ষার্থীদের সুষ্ঠু পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্তে উক্ত কেন্দ্র ও তৎসংলগ্ন এলাকায় সর্বসাধারণের প্রবেশাধিকার নিষিদ্ধ ঘোষণার যথেষ্ট প্রয়োজন রয়েছে মর্মে আমার প্রত্যয় জন্মেছে।

সেহেতু আমি তিখি মিত্র, উপজেলা নির্বাহী অফিসার (ভাঃপ্রাঃ) ও এন্ডিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জীবননগর, চুয়াডাঙ্গা ফৌজদারী কার্যবিধির ১৪৪ খারা মতে পরীক্ষা চলাকালীন সময়ে, পরীক্ষার দিনসমূহে পরীক্ষা আরম্ভ হওয়ার ৩০ মিনিট পূর্ব হতে পরীক্ষা শেষ হওয়ার ৩০ মিনিট পর পর্যন্ত উক্ত পরীক্ষা কেন্দ্রের চারিপাশে ২০০ (দুইশত) গজ সীমানার মধ্যে পরীক্ষা কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ও পরীক্ষার্থীগণ ব্যতিত সর্বসাধারণের প্রবেশ ও চলাচল নিষিদ্ধসহ নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালনের আদেশ ঘোষণা করলাম।

শর্তাবলী:

- ০১। ২০০ গজের মধ্যে ০৫ (পাঁচ) বা ততোধিক ব্যক্তির কোন সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করা হলো।
- ০২। সকল প্রকার আগ্নেয়াস্ত্র/ লাঠি/চাকু ও ধারালো অস্ত্র ব্যবহার নিষিদ্ধ করা হলো।
- ০৩। যে কোন প্রকার মাইক্রোফোন ও লাউড স্পীকার ব্যবহার নিষিদ্ধ করা হলো।
- ০৪। যে কোন প্রকার পোস্টার ব্যবহার নিষিদ্ধ করা হলো।
- ০৫। সকল প্রকার সভা সমাবেশ নিষিদ্ধ করা হলো।
- ০৬। পরীক্ষার কাজে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী ও পরীক্ষার্থীদের চলাচলে কোন প্রকার বাধা প্রদানে নিষেধ করা হলো।
- ০৭। পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে অবস্থিত বাসা বাড়ী ও ব্যবসা প্রতিষ্ঠানে কোনরূপ অহেতুক গোলক সমাগম নিষেধ করা হলো।
- ০৮। হাসাদাহ বাজারের ফটোকপি মেশিন ব্যবসায়ীগণকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে হতে পরীক্ষা চলাকালীন সময় পর্যন্ত ফটোকপি মেশিন বন্ধ রাখার নির্দেশ দেয়া হলো।
- ০৯। পরীক্ষা চলাকালীন সময়ে কোন কোচিংয়ের শিক্ষককে পরীক্ষা কেন্দ্রের আশপাশে পাওয়া গেলে তাকে তাৎক্ষণিকভাবে মোবাইল কোর্ট আইনে জেল জরিমানা করা হবে।


তিখি মিত্র

উপজেলা নির্বাহী অফিসার (ভাঃপ্রাঃ)

ও

এন্ডিকিউটিভ ম্যাজিস্ট্রেট

জীবননগর, চুয়াডাঙ্গা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।
jibannagar.chuadanga.gov.bd

স্মারক নং-০৫.৪৪.১৮৫৫.০০০.৫৫.০০১.১১- ২৫৪

তারিখ: ৩০ মার্চ, ১৪৩০
১৩ ফেব্রুয়ারি, ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

- ১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা।
- ২। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ৩। অফিসার ইনচার্জ, জীবননগর থানা, জীবননগর, চুয়াডাঙ্গা। [পরীক্ষা চলাকালীন সময়ে প্রয়োজনীয় পুলিশ মোতায়েনসহ এই আদেশটি কার্যকরী করার অনুরোধসহ]
- ৪। অধ্যক্ষ ও কেন্দ্রভারপ্রাপ্ত কর্মকর্তা, হাসাদাহ মডেল কামিল মাদ্রাসা জীবননগর, চুয়াডাঙ্গা। [এই আদেশটি যথাসময়ে মাইকযোগে যথাযথ ভাবে প্রচার করার জন্য অনুরোধসহ]
- ৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জীবননগর, চুয়াডাঙ্গা। [এই আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]